দৈনিক বাংলা

তারিখ 14 DEC 1993
পৃষ্ঠা 8 কলাম 7

এসএসসি পরীক্ষা '৯৩

# নকলে সহায়তা করায় ২৯ জন শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা

জালাল আহমদ : ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে ১৯৯৩ সনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় নকলে সহায়তা ও কর্তব্যে অবহেলার দায়ে শিক্ষা মন্ত্রণালয় ২৯ জন শিক্ষক–শিক্ষিকাকে সাজা দিয়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, সাজাপ্রাপ্ত শিক্ষকরা ঢাকা বোর্ডের বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে পরিদর্শকের দায়িত্বে ছিলেন। এসব কেন্দ্র থেকে বোর্ডের ভিজিল্যান্স টিম ও স্থানীয় প্রশাসনিক কর্মকর্তাদের কাছ থেকে তাদের বিরুদ্ধে বিভিন্ন দুর্নীতি ও কর্তব্যে অবহেলা সংক্রান্ত প্রতিবেদন ঢাকা বোর্ড ও মন্ত্রণালয়ে আসে। উক্ত প্রতিবেদন পর্যালোচনা শেষে শিক্ষা বিভাগ অভিযুক্তদের যাবতীয় সরকারী অনুদান বন্ধ করার নির্দেশ প্রদান করে। এই নির্দেশ গত জুলাই থেকে কার্যকরী করা হবে বলে সূত্র জানায়।

সংশ্লিষ্ট মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, সাজাপ্রাপ্ত শিক্ষকদের মধ্যে একজন হেডমাষ্টার, ৪ জন সিনিয়র শিক্ষক, ২২ জন সহকারী শিক্ষক, একজন ধর্মীয় শিক্ষক ও ১জন স্কুল ক্লার্ক রয়েছেন। গত মাসে মন্ত্রণালয় থেকে এই সিদ্ধান্ত নেয়া হয়।

উল্লেখ্য, অভিযুক্তদের বেশীর ভাগই বকশীগঞ্জ, ঘাটাইল, কাপাসিয়া ও নবাবগঞ্জ কেন্দ্রের।